

২০২৪-২০২৫ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার সম্পর্কিত নির্দেশনা।


গ্রুপের নাম	মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য স্থান	তারিখ ও সময়
জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান গ্রুপ	পরমাণু শক্তি কেন্দ্র, ৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা (বাংলা একাডেমি সংলগ্ন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস)।	আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও নির্দিষ্ট স্থান তাদের মোবাইল নম্বরে এসএমএস (SMS) এর মাধ্যমে পর্যায়ক্রমে জানানো হবে।
ভৌতবিজ্ঞান গ্রুপ		
নবায়ন গ্রুপ		
ভৌতবিজ্ঞান গ্রুপ	BRiCM ভবন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর ক্যাম্পাস), (ঢাকা সিটি কলেজের বিপরীতে), ধানমন্ডি, ঢাকা।	
খাদ্য ও কৃষিবিজ্ঞান গ্রুপ		
খাদ্য ও কৃষিবিজ্ঞান গ্রুপ	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণি, ঢাকা।	

(২) **নিম্নোক্ত কাগজপত্র মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে:**

- (ক) এমএস/এমএসসি পর্যায়ে আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাসের মূল সার্টিফিকেট;
- (খ) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাসের মূল সার্টিফিকেট।

(৩) **নিম্নোক্ত কাগজপত্রের এক সেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে:**

- (ক) এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থবছরের নতুন আবেদনকারীগণ ০৩ (তিন) পাতার গবেষণা সিনোপসিসের ০৫ (পাঁচ) সেট, আবেদনপত্রের প্রিন্ট কপি ও ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের মূলকপি (অঞ্জীকারনামা) জমা দিবেন। নবায়ন গ্রুপের আবেদনকারীগণ ০৪ (চার) পাতার মধ্যে সীমিত গবেষণাকর্মের অগ্রগতি প্রতিবেদনের ০৫ (পাঁচ) কপি জমা দিবেন এবং গত বছর NST ফেলোশিপ প্রাপ্তির প্রমাণক জমা দিবেন।
- (খ) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণ তাঁদের ভর্তি কনফার্মেশন পত্র জমা দিবেন। চাকরিজীবীগণ তাঁদের ছুটি/ডেপুটেশন এর প্রমাণক জমা দিবেন।
- (গ) এমফিল পর্যায়ে আবেদনকারীগণ তাঁদের স্নাতকোত্তর গবেষণার উপর প্রকাশনা (Publication) এবং পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণ তাঁদের গবেষণাকর্মের উপর মানসম্মত জার্নালে প্রকাশিত কমপক্ষে ০৩ (তিন) কপি প্রকাশনা (Publication) জমা দিবেন।


২৪.১১.২০২৪
মোঃ রবিউল ইসলাম
উপসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়